

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা

...

সভাপতি ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখ ০৬/০৩/২০১৯ খ্রিঃ
সভার সময় সকাল ১০:০০ ঘটিকা
স্থান বিএলআরআই সম্মেলন কক্ষ
উপস্থিতি সংযুক্তি-১

গত ০৬/০৩/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের নলেজ শেয়ারিং প্রোগ্রামের কার্যবিবরণী

গত ০৬ মার্চ, ২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ইনোভেশন টিমের একটি নলেজ শেয়ারিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। প্রোগ্রামে উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মুহাম্মদ আবদুস সামাদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৫।	মোঃ আহসানুল কবির, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	জনাব নূর মোহাম্মদ, প্রতিনিধি এমওএফএল	প্রোগ্রামার	স্বাক্ষরিত
০৭।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ইনোভেশন অফিসার বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সকলকে অবহিত করেন। এর পর ‘বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপস’ ও ‘বিএলআরআই ডেইরি ব্রিডিং ম্যানেজার’ এর বর্তমান অবস্থা সম্পর্কে ইনোভেটর মোঃ আহসানুল কবির ও মোঃ ফয়জুল হোসাইন মিরাজ সংক্ষেপে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে আগত প্রতিনিধি জনাব নূর মোহাম্মদকে অবহিত করেন। এ সময় মোঃ আহসানুল কবির সভাকে জানান বর্তমানে ‘বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপস’ টি ১০ হাজার ডাউনলোড হয়েছে এবং এর রেটিং পয়েন্ট ৫ এর মধ্যে ৪.৮; এক্ষেত্রে অ্যাপসটির ফিডব্যাক অনুযায়ী আরো নতুন মাত্রা যোগ করতে প্রয়োজনীয় সহায়তা কামনা করেন। আগত প্রতিনিধি ইনোভেশনের বিভিন্ন দিক নিয়ে মন্ত্রণালয়ের দৃষ্টিভঙ্গি তুলে ধরেন, এ সময় তিনি আগামী মে, ২০১৯ মাসে মন্ত্রণালয় ইনোভেশন শোকেসিং আয়োজন করার সম্ভাবনা ব্যক্ত করেন। সভায় ইনোভেশন টিমের মেন্টর ড. মোঃ আবদুল জলিল মেন্টরদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।


সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

১। ‘খামার বানিজ্যের A to Z’ ও ‘বিএলআরআই ডেইরি ব্রিডিং ম্যানেজার’ আইডিয়া দুটি সম্ভাব্য আগামী মে, ২০১৯ মাসে মন্ত্রণালয়ের ইনোভেশন শোকেসিং এ উপস্থাপন করা।

- ২। 'বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপস' এর অগ্রগতি পরিদর্শনে মন্ত্রনালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা।
- ৩। এটুআই তে বাজেট উপস্থাপনের পূর্বে নতুন আইডিয়া দুটির পূর্ণাঙ্গ ফরম্যাট তৈরী করা।
- ৪। বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপসটি ব্যবহারের সুবিধা-অসুবিধা ও আর্থিকভাবে লাভ-ক্ষতি অথবা অ্যাপসটি সহজে ব্যবহার করা যায় কিনা তা মন্তব্য জন্য অ্যাপসটিতে অপশন রাখার সভার সকলে একমত পোষণ করেন।
- ৫। 'বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপস' এর উপর একটি লিফলেট তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬। বিএলআরআই এ GRS (E-governance tool) ইনস্টল করে তা বাস্তবায়নের জন্য প্রশিক্ষণের আয়োজন করা।
- ৭। মন্ত্রনালয়ের প্রতিনিধি অনুষ্ঠিতব্য ০২ দিনের প্রশিক্ষণে বিএলআরআই এর সকল বিজ্ঞানীদের অন্তর্ভুক্ত করার পরামর্শ দেন।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.৮

তারিখ: ৫ চৈত্র ১৪২৫

১৯ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১০) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১১) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান